# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**17 SEPTEMBER 2025** **7:45—7:55 PM**

---

(১) কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের আজ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ৭৫ তম জন্মদিন এবং সেবা পক্ষ কার্যসূচীর অংশ হিসেবে ১৬ হাজার কোটি টাকার বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন এবং ভিত্তি প্রস্তর স্থাপন

(২) সমগ্র রাজ্যের সঙ্গে বরাক উপত্যকার তিন জেলায়ও সেবা সপ্তাহ কার্যসূচীর সূচনা

(৩) কেন্দ্রীয় সরকারের আসামের গ্রামীণ স্থানীয় অনামায় ব্যাবস্থার জন্য ২১৪ কোটি টাকার অনুদান ।

এবং

(৪) বরাক উপত্যকায়ও আজ চিরাচরিত ধর্মীয় আচার অনুষ্ঠানের মাধ্যমে কারিগরী বিদ্যার অধিষ্ঠাতা দেবশিল্পী বিশ্বকর্মার আরাধনা ।

-----------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ নতুন দিল্লীর ত্যাগরাজ স্টেডিয়ামে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ৭৫ তম জন্মদিন এবং সেবা পক্ষ কার্যসূচীর অংশ হিসেবে ১৬ হাজার কোটি টাকার বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন এবং ভিত্তি প্রস্তর স্থাপন করেছেন । এই প্রকল্পগুলির মধ্যে কলেজ পর্যায়ের দৃষ্টিহীন কন্যা শিক্ষার্থীদের জন্য অটল দৃষ্টি ছাত্রাবাস , বৌদ্ধিকভাবে দিব্যাংগ ব্যাক্তিদের জন্য অটল আশাগৃহ এবং প্রবীন নাগরিকদের জন্য সাবিত্রীবাঈ ফুলে গৃহ প্রকল্প অন্যতম ।

এদিকে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ,উপ-রাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণণ ,কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে তাঁর ৭৫ তম জন্মদিন উপলক্ষ্যে শুভেচ্ছা জ্ঞাপন করেছেন ।

এছাড়া আমেরিকার রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প প্রধানমন্ত্রী মোদীকে শুভেচ্ছা জ্ঞাপন করেন । সামাজিক মাধ্যমে শ্রী মোদী একথা জানান ।

উল্লেখ্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জন্মদিনের সঙ্গে সঙ্গতি রেখে ভারতীয় জনতা পার্টী আজ থেকে সমগ্র দেশে সেবা পক্ষের আয়োজন করেছে । মহাত্মা গান্ধী ও লাল বাহাদুর শাস্ত্রীর জন্মবার্ষিকীর দিন দোসরা অক্টোবর এই সেবা পক্ষের সমাপ্তি হবে । সেবা পক্ষের সময়ে সমাজের বিভিন্ন শ্রেণীর লোককে সক্রিয়ভাবে অর্ন্তভুক্ত করার উদ্দেশ্যে বিভিন্ন কার্যসূচীর পরিকল্পনা করা হয়েছে । এরমাধ্যমে সরকারের কল্যাণমূলক প্রকল্পসমূহকে দরিদ্র সীমারেখার নীচে বসবাসকারীদের কাছে নিয়ে যাওয়া ,পরিষ্কার পরিচ্ছন্নতার প্রসার , জল সরবরাহ সুনিশ্চিত করা এবং পরিবেশ সংরক্ষণ বিষয়ক অভিযানসমূহকে এগিয়ে নিয়ে যাবার ওপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ৭৫ তম জন্মদিবস উপলক্ষে আজ গুয়াহাটী বশিষ্ঠ মন্দির প্রাঙ্গনে স্বচ্ছতাই সেবা এবং সেবাই সমর্পণ ২০২৫ শীর্ষক রাজ্য পর্যায়ের অনুষ্ঠানের সূচনা করা হয় ।স্বচ্ছ ভারত অভিযান গ্রামীণ এবং স্বচ্ছ ভারত অভিযান শহরাঞ্চলের সহযোগিতায় গুয়াহাটী পৌরনিগম আয়োজিত এই অনুষ্ঠানের সূচনা করেন রাজ্যের গৃহ নির্মাণ এবং নগর পরিক্রমা মন্ত্রী জয়ন্ত মল্লবরুয়া । অনুষ্ঠানে ভাষণ প্রসঙ্গে মন্ত্রী বলেন যে প্রধানমন্ত্রী মোদী কার্যভার গ্রহণ করার পর থেকেই স্বচ্ছতার ওপর গুরুত্ব আরোপ করে আসছেন ।মন্ত্রী বলেন যে এই কার্যসূচীর মাধ্যমে রাজ্যে বহনক্ষম স্বচ্ছতার পরিবেশ সৃষ্টিতে উৎসাহ যোগাবে ।মন্ত্রী বলেন---- ----- বাইট

এই দিবস উপলক্ষে আজ রাজ্যের বিভিন্ন প্রান্তে রক্তদান শিবিরের আয়োজন করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

বরাক উপত্যকার তিন জেলায়ও আজ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জন্মদিবস সেবা দিবস হিসেবে পালন করা হয়েছে এবং সেবা সপ্তাহ কার্যসূচীর সূচনা করা হয়েছে । কাছাড় জেলায় এই দিবস উপলক্ষে আজ জেলা পুলিশ প্রশাসনের উদ্যোগে এবং শিলচর মেডিক্যাল কলেজ হাসপাতালের সহযোগিতায় পুলিশ সুপারের কার্যালয়ে মেগা রক্তদান শিবিরের আয়োজন করা হয় । শিবিরে জেলা পুলিশ সুপার নোমাল মাহাত্তা , অতিরিক্ত পুলিশ সুপার সুব্রত সেন সহ অন্যান্য পুলিশ আধিকারীক , কর্মচারী এবং সাংবাদিকরা রক্তদান করেন । পরে সাংবাদিকদের সঙ্গে কথাবার্তায় পুলিশ সুপার জানান ------

বাইট

এদিকে কাছাড় জেলায় আগামী ২৫ শে সেপ্টেম্বর পর্যন্ত সেবা হি সমর্পন : সেবা সপ্তাহ পালন করা হবে ।এ উপলক্ষে জেলায় রক্তদান শিবির , স্বচ্ছতা অভিযান , গাছের চারা রোপন ইত্যাদি কার্যসূচী পালন করা হবে ।

--------------------------------------------------------------------------------

এদিকে সেবা সপ্তাহ পালনের অঙ্গ হিসেবে আজ শ্রীভূমি শহরের রবীন্দ্র সদন মহিলা কলেজে স্বেচ্ছা রক্তদান শিবিরের আয়োজন করা হয় । জেলা স্বাস্থ্য বিভাগের উদ্যোগে এবং অখিল ভারতীয় তেরাপন্থ যুবক পরিষদের সহযোগীতায় আয়োজিত রক্তদান শিবিরে প্রায় একশ জন যুবক-যুবতী ও ছাত্র-ছাত্রী স্বেচ্ছায় রক্তদান করেন । শিবিরে জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদী , স্বাস্থ্য বিভাগের যুগ্ম সঞ্চালক ডক্টর সুমনা নাইডিং , পৌর সভাপতি রবীন্দ্র চন্দ্র দেব প্রমূখ উপস্থিত ছিলেন ।

এছাড়া আজ পাথারকান্দি মন্ডল যুব মোর্চার উদ্যোগে পাথারকান্দি মডেল এইচ এস স্কুলে অনুরূপ রক্তদান শিবির অনুষ্ঠিত হয়েছে ।

--------------------------------------------------------------------------------

সেবা সপ্তাহ পালনের অঙ্গ হিসেবে হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে আজ হাইলাকান্দি এস এস কলেজে মেগা রক্তদান শিবিরের আয়োজন করা হয়েছে । রক্তদান শিবিরে জেলা আয়ুক্ত অভিষেক জৈন , পুলিশ সুপার অমিতাভ সিনহা সহ শতাধিক ব্যাক্তি স্বেচ্ছায় রক্তদান করেন ।

--------------------------------------------------------------------------------

এদিকে সেবা সপ্তাহ পালনের অঙ্গ হিসেবে আজ মণিয়ারখাল গ্রামের ১৯২ নম্বর বুথের ফরেষ্ট কালীবাড়ী প্রাঙ্গনে আজ স্বচ্ছতা অভিযান অনুষ্ঠিত হয় ।

--------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকার আসামের গ্রামীণ স্থানীয় অনাময় ব্যবস্থার জন্য ২১৪ কোটি টাকার অনুদান মঞ্জুর করেছে । কেন্দ্রীয় পঞ্চায়েতী রাজ মন্ত্রণালয় বলেছে যে ২০২৫-২৬ অর্থবছরের জন্য আসামকে এই অনুদান দেওয়া হয়েছে । এই অর্থ অনাময় ও মুক্ত স্থানে মলত্যাগের অভ্যাসের বিলুপ্তি , ঘরোয়া আবর্জনার ব্যবস্থাপনা এবং পুনর ব্যবহার , পানীয় জল সরবরাহ ,বৃষ্টির জল সংরক্ষণ এবং পুনর ব্যবহারের মতো প্রাথমিক সেবার জন্য ব্যবহার করা হবে ।

--------------------------------------------------------------------------------

কারিগরী বিদ্যার অধিষ্ঠাতা দেবশিল্পী শ্রী শ্রী বিশ্বকর্মা পূজা আজ রাজ্যের বিভিন্ন প্রান্তের সঙ্গে বরাক উপত্যকার তিন জেলায়ও পরম্পরাগত ধর্মীয় আচার অনুষ্ঠানের মাধ্যমে উদযাপন করা হয়েছে । এই পূজার সঙ্গে সঙ্গে শারদীয় দূর্গা পূজার পরিবেশেরও সূচনা

হয়েছে । উপত্যকার তিন জেলার ছোট বড় কল-কারখানা, কারিগরী প্রতিষ্ঠান, প্রিন্টিং প্রেস, কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান, যন্ত্রনির্ভর প্রতিষ্ঠান ইত্যাদিতে পুজোর আয়োজন করা হয় । এই উপলক্ষে বিভিন্ন স্থানে সাংস্কৃতিক অনুষ্ঠানেরও আয়োজন করা হয়েছে । শিলচর শহরে বিভিন্ন সরকারি, বেসরকারি কার্যালয়, শিলচর পুর নিগম, জলসম্পদ বিভাগ, সংবাদ মাধ্যমের কার্যালয়, মোটর পরিবহণ সংস্থা, আকাশবাণী শিলচর কেন্দ্র, শিলচর দূরদর্শন কেন্দ্র ইত্যাদিতে দেবশিল্পীর আরাধনা করা হয়েছে ।
শ্রীভূমি জেলায়ও উৎসাহ উদ্দীপনার মাধ্যমে বিশ্বকর্মা পূজো অনুষ্ঠিত হয়েছে । জেলার ব্যবসায়িক প্রতিষ্ঠান থেকে শুরু করে সরকারী কার্যালয় এই পূজো উপলক্ষ্যে সাজিয়ে তোলা হয়েছে । শ্রীভূমি শহর উন্নয়ন বোর্ডের কার্যালয় ,জনস্বাস্থ্য বিভাগের কার্যালয় ,যুগ্ম সঞ্চালকের কার্যালয় দেবশিল্পীর পূজো উপলক্ষ্যে দুপুরবেলা প্রসাদ বিতরণ সহ সন্ধ্যায় আরতির ব্যাবস্থা করা হয় ।

হাইলাকান্দি জেলার সরকারী কার্যালয় ছাড়াও বিভিন্ন শিল্প, নির্মাণ সামগ্রীর দোকানে শ্রী শ্রী বিশ্বকর্মা পূজার আয়োজন করা হয় । জেলার লালা ,কাটলীছড়া ,পাঁচগ্রাম ইত্যাদি শিল্প ক্ষেত্র সহ হাইলাকান্দি রেল বিভাগের কার্যালয় ,জেলা পরিষদ , জনস্বাস্থ্য কারিগরী বিভাগ ইত্যাদি বিভিন্ন প্রতিষ্ঠানে বিশ্বকর্মা পূজো অনুষ্ঠিত হয়েছে । এ উপলক্ষ্যে সাংস্কৃতিক অনুষ্ঠানেরও আয়োজন করা হয়েছে ।

---

শিলচর কুম্ভীরগ্রাম বিমানবন্দরে আজ যাত্রী সেবা দিবস পালন করা হয় ।দুদিনব্যাপী কার্যসূচির আজ শেষ দিনে গুয়াহাটী ও কলকাতা থেকে আসা বিমানযাত্রীদের বরণ করা হয় । এছাড়া অন্যান্য কার্যসূচির মধ্যে ছিল শিশুদের জন্য অঙ্কন প্রতিযোগিতা , যাত্রী ও যানবাহন চালকদের জন্য স্বাস্থ্য পরীক্ষা শিবির ইত্যাদি ।

---

কাছাড় পুলিশ শিলচর আই এস বি টি এবং কালীবাড়ি চর অঞ্চলে গতকাল গভীর রাতে মাদক বিরোধী পৃথক পৃথক অভিযান চালিয়ে ৬৫ কিলোগ্রাম গাঁজা , হেরোইন এবং নগদ অর্থ বাজেয়াপ্ত করা সহ চারজন লোককে আটক করেছে । ধৃত ব্যক্তিদের কাছ থেকে ৭০ টি প্লাস্টিকের ব্যাগে প্রায় ৬৫ কিলোগ্রাম গাঁজা উদ্ধার করা হয় ।এছাড়া অন্য একটি অভিযানে ১৬৫ গ্রাম হেরোইন এবং নগদ ৭৫ হাজার টাকা উদ্ধার করা হয়েছে । বাজেয়াপ্ত করা মাদক দ্রব্যের বাজার মূল্য প্রায় ১ কোটি ৫০ লক্ষ টাকা হবে বলে অনুমান করা হচ্ছে । এই মাদকদ্রব্যগুলি ত্রিপুরার আগরতলা এবং মিজোরামের কলাশিব থেকে অবৈধভাবে নিয়ে আসা হয়েছিল বলে প্রাথমিক তদন্তে জানা গেছে ।

-----------------------------------------------------------------------------------

শ্রীভূমির সাংসদ কৃপানাথ মালা আজ দুল্লভছড়া মডেল সরকারী হাসপাতালে সুস্থ নারী- সুস্থ পরিবার  অভিযানের উদ্বোধন করেন । শ্রীভূমির অতিরিক্ত মূখ্য চিকিৎসা ও স্বাস্থ্য আধিকারীক ডক্টর মতিন্দ্র সূত্রধরের পৌরহিত্যে আয়োজিত উদ্বোধনী অনুষ্ঠানে সাংসদ শ্রী মালহা জনগনকে এই অভিযানের সুযোগ গ্রহন করার আহ্বান জানান । উল্লেখ্য এই অভিযানের অধীনে আজ থেকে আগামী দোসরা অক্টোবর পর্য্যন্ত প্রত্যেক মহিলার কান , নাক  , দাঁত , রক্তচাপ , মধুমেহ ,যক্ষা , কর্কট রোগ , গর্ভবতী মহিলার জন্য প্রসব পূর্ব পরীক্ষা ইত্যাদি করা হবে ।

-----------------------------------------------------------------------------------

রাজ্যের জলসম্পদ বিভাগ থেকে আকাশবাণীকে জানানো হয়েছে যে আজ সন্ধ্যা সাতটায় শিলচর অন্নপূর্নাঘাটে বরাক নদীর জল বিপদসীমার ১৫ সেন্টিমিটার উপরে প্রবাহিত হচ্ছে । এখানে জল ঘন্টায় দুই সেন্টিমিটার করে কমছে ।

-----------------------------------------------------------------------------------

বদরপুর নাগরিক সমাজের পক্ষ থেকে বদরপুরে জাতীয় সড়কের সংস্কার , অবৈধ পার্কিং এবং গর্ত ভরাটের দাবী জানিয়ে চক্র আধিকারীকের হাতে স্মারক পত্র প্রদান করা হয় । স্মারক পত্র গ্রহন করে চক্র আধিকারীক জানান যে র্দূগা পূজার আগে জাতীয় সড়ক সংস্কার করা হবে । উল্লেখ্য বেহাল সড়কের জন্য বদরপুর নবীনচন্দ্র কলেজের এক ছাত্রীর  গতকাল মখইভাঙ্গায় বাইক থেকে ছিটকে পড়ে মৃত্যু হয় ।

-----------------------------------------------------------------------------------